

২০১৭

দৈনিক ইকতিয়াব

তারিখ
গণনা

মোট পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ৬ লাখ ॥ কেন্দ্র সংখ্যা ৯৪২ আজ কারিগরি বোর্ডসহ ৮টি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা শুরু

আহমদ সেলিম রেজা ॥ নকলমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের অঙ্গীকার নিয়ে আজ সারাদেশে কারিগরি শিক্ষা বোর্ডসহ ৮টি শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষা গ্রহণ শুরু হচ্ছে। ঢাকা, রাজশাহী, কুমিল্লা, যশোর, চট্টগ্রাম ও সিলেট শিক্ষা বোর্ডের অধীনে এবার মোট ৫ লাখ, ৭১ হাজার ১১৪ জন পরীক্ষার্থী এইচএসসি

পরীক্ষায় অংশগ্রহণ করছে। তন্মধ্যে ৩ লাখ, ৫০ হাজার ৩২ জন ছাত্র এবং ২ লাখ ২১ হাজার ৮২ জন ছাত্রী এইচএসসি বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে প্রায় ২১ হাজার ছাত্রছাত্রী এইচএসসি ভোকেশনাল, ডিপ্লোমা ইন কমার্স ও বিজনেস ম্যানেজমেন্ট পরীক্ষায় অংশগ্রহণ

সারাদেশে নতুন-পুরাতন মিলিয়ে মোট ৯৪২টি কেন্দ্রে এবার এইচএসসি পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। ঢাকা বোর্ডের অধীনে কেন্দ্র রয়েছে ২৪৫টি। তন্মধ্যে গত পরীক্ষার রিপোর্ট অনুযায়ী ১৩৮টি কেন্দ্রকে নকলপ্রবণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। তন্মধ্যে ২৭টি কেন্দ্র অতি নকলপ্রবণ, ৭০টি

৮টি শিক্ষাবোর্ডে এইচএসসি পরীক্ষা আজ শু

প্রথম পৃষ্ঠার পর

কেন্দ্র নকলপ্রবণ এবং ৫১টি কেন্দ্রকে নকলের মুক্তিপূর্ণ কেন্দ্র হিসেবে চিহ্নিত করা হয়েছে। ঢাকা বোর্ড নকল প্রতিরোধের জন্য ৩টি পৃথক ডিজিটেল টিম গঠন করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের অধীনে ১টি, শিক্ষা অধিদফতরের অধীনে ১টি ও বোর্ডের অধীনে ১টি ডিজিটেল টিম সার্বক্ষণিকভাবে পরীক্ষায় নকল প্রতিরোধের জন্য নিয়োজিত থাকার কথা। এছাড়া প্রতি জেলায়ও সরকারী-বেসরকারী পর্যায়ের শিক্ষক ও কর্মকর্তাদের সমন্বয়ে ৫০ সদস্যের পৃথক পৃথক ডিজিটেল টিম নকল প্রতিরোধে সক্রিয় থাকার কথা রয়েছে।

এবার ঢাকা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে ১ লাখ ৬৫ হাজার ৫৭৪ জন পরীক্ষার্থী। তন্মধ্যে ৯৬ হাজার ৫২৮ জন ছাত্র ও ৬৮ হাজার ৪৬ জন ছাত্রী রয়েছে।

উল্লেখ্য, ঢাকা মহানগরীর মোট ৪৩টি কেন্দ্রে এবার ৪৪ হাজার, ৭০২ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে।

নকলের অভিযোগে ঢাকা মহানগরীর পুরাতন ২টি পরীক্ষা কেন্দ্র বাতিল করা হয়েছে।

রাজশাহী শিক্ষা বোর্ডের অধীনে এবার সর্বোচ্চসংখ্যক পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। এবারের পরীক্ষার্থী সংখ্যা ১ লাখ ৬৯ হাজার ৪৪১ জন। তন্মধ্যে ছাত্র ১ লাখ ৮ হাজার ৭২৫ জন, ছাত্রী ৬০ হাজার ৭১৬ জন। ৭টি শিক্ষা বোর্ডের মধ্যে এবার রাজশাহী বোর্ডে মানবিক বিভাগে পরীক্ষার্থীর সংখ্যাও সর্বোচ্চ ১ লাখ ৬ হাজার ৩৪৪ জন। মোট ২৫৪টি পরীক্ষা কেন্দ্রে রাজশাহী বোর্ডের পরীক্ষার্থীরা এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে।

কুমিল্লা বোর্ডের অধীনে এবার ৬৯ হাজার ২৩৫ জন পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। তন্মধ্যে ছাত্র ৪৩ হাজার ৪ জন এবং ছাত্রী ২৬ হাজার ২৩১ জন। মোট কেন্দ্র সংখ্যা ১০৩টি। গতবারের ৬টি কেন্দ্র বাতিল করা হয়েছে। বোর্ড এবং জেলা প্রশাসন মোট ৪০টি ডিজিটেল টিম গঠন

করে নকল প্রতিরোধের কাজ করেছে। যশোর শিক্ষা বোর্ডের অধীনে এবার পরীক্ষার্থীর সংখ্যা ৭১ হাজার ৪৫৮ জন। তন্মধ্যে ৪৪ হাজার ৮১৮ জন ছাত্র, ২৬ হাজার ৬৪০ জন ছাত্রী। যশোর বোর্ডের পরীক্ষার্থীদের মধ্যে প্রাইভেট, ইমপ্রুভমেন্ট, বিশেষ কিংবা অনিয়মিত কোন পরীক্ষার্থী নেই। মোট ১২৩টি কেন্দ্রে যশোর বোর্ডের পরীক্ষার্থীরা এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ করছে। বোর্ড এবং জেলা প্রশাসনের ৯০টি ডিজিটেল টিম নকল প্রতিরোধে কাজ করছে।

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে এবার

জন, ছাত্রী ১৮ হাজার ৭৯৯ জন। মোট ৪ কেন্দ্রে চট্টগ্রাম বোর্ডের পরীক্ষায় এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণ কর নকলের কারণে ২৫টি কেন্দ্র বাতিল হয়েছে। নকল প্রতিরোধে ৪৭টি ডিজিটেল টিম কাজ করছে।

বরিশাল শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষায় এবার অংশ নিচ্ছে ৩৪ হাজার জন পরীক্ষার্থী। তন্মধ্যে ছাত্র ২০ হাজার ২৪৪ জন, ছাত্রী ১৩ হাজার ৮৪১ জন। ৭৩টি কেন্দ্রে পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। ৭ ডিজিটেল টিম নকল প্রতিরোধে কাজ করছে। এছাড়া ৫টি বিশেষ টিম রয়েছে। বরিশাল বোর্ডে এবার প্রাইভেট, ইমপ্রুভমেন্ট বিশেষ কিংবা অনিয়মিত কোন পরীক্ষার্থী নেই।

সিলেট শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি পরীক্ষার্থীর সংখ্যা সবচেয়ে কম। সিলেট বোর্ডে মোট পরীক্ষার্থীর সংখ্যা ১৭ হাজার ৯১ জন। তন্মধ্যে ছাত্র ১০ হাজার ২৮২ জন, ছাত্রী ৬ হাজার ৬২৯ জন। ৫১টি পরীক্ষা কেন্দ্রে এইচএসসি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ৫১টি ডিজিটেল টিম নকল প্রতিরোধে সক্রিয় রয়েছে।

২০০১ সালের এইচএসসি পরীক্ষা সারাদেশে বিজ্ঞান বিভাগের মোট পরীক্ষার্থী সংখ্যা ১ লাখ ৩৭ হাজার ৫২৭ জন। মানবিক বিভাগের মোট পরীক্ষার্থীর সংখ্যা ৩৪ হাজার ১৬০ জন, হিসাব বিভাগের মোট পরীক্ষার্থীর সংখ্যা ৯৯ হাজার ৪২৭ জন। উল্লেখ্য, এবার নিয়মিত পরীক্ষার্থীর বাইরেও অনিয়মিত ইমপ্রুভমেন্ট, প্রাইভেট, স্পেশিয়াল ইত্যাদি পরীক্ষার্থীর সংখ্যাও বিপুলসংখ্যক পরীক্ষার্থী এইচএসসি পরীক্ষায় অংশ নিচ্ছে।

কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এবার ২১ হাজার পরীক্ষার্থী অংশগ্রহণ করবে। তন্মধ্যে বিজনেস মেনেজমেন্ট-এর ২য় ও ৪র্থ পর্বের পরীক্ষার্থীর সংখ্যা প্রায় ১০ হাজার, এইচএসসি ভোকেশনাল পরীক্ষায় প্রায় ৪শ' এবং ডিপ্লোমা ইন কমার্সে পরীক্ষার্থীর সংখ্যাও প্রায় ৪শ'।

এবার এইচএসসি পরীক্ষায় নকল প্রতিরোধে ব্যাপক প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। তন্মধ্যে উল্লেখযোগ্য হল নকলপ্রবণতা নিয়ন্ত্রণে বাইরে চলে গেলে ডিজিটেল টিম রিপোর্টের ভিত্তিতে তাৎক্ষণিকভাবে বাতিল করে দেয়ার সিদ্ধান্ত। এক্ষেত্রে উচ্চশিক্ষার অপরাপর পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের জন্য 'স্টানবাই' হিসেবে বিবেচিত পরীক্ষা কেন্দ্রের ব্যবস্থাও রাখা হয়েছে।

ঢাকা বোর্ডের পরীক্ষা নিয়ন্ত্রক জানান। এছাড়া প্রভাবমুক্ত পরিবেশে পরীক্ষা গ্রহণের স্বার্থে এবার নিজ পরীক্ষা কেন্দ্রে যাতে কেউ পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিতে না পারে তা নিশ্চিত করা হয়েছে। এমনকি নিজ নিজ কলেজের শিক্ষকবৃন্দ যাতে নিজ নিজ কেন্দ্র ও তার ছাত্ররা যে কেন্দ্রে পরীক্ষা দিবে